রেজিস্টার্ড নং ডি এ-১ ২০২৫ সনের ২৪ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুন ১২, ২০২৫

## সূচীপত্র


| | পৃষ্ঠা নং | | পৃষ্ঠা নং |
|---|---|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৪৭৩—৪৮৩ | ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| | | ৮ম খণ্ড—বেসরকারী ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীম কোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৭৮৫—৭৯৯ | ক্রোড়পত্র—সংখ্যা | |
| | | (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| | | (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই | (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই | (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই | (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীম কোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারী চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৮৪১—৮৬০ | (৬) ..............ইং তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৭**

**আদেশাবলি**

তারিখ: ৪ঠা জ্যৈষ্ঠ ১৪৩২/১৮ মে ২০২৫

**নং ১০.০০.০০০০.১৩১.১১.০০৪.০৩-১৪৪**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে জনাব মোঃ ওমর ফারুক, জন্ম তারিখ : ০১-০২-১৯৮৮, পিতা-আঃ খালেক, মাতা-শান্তনা বেগম, গ্রাম-আজিমপুর, ওয়ার্ড নং-০৫, ডাকঘর-আন্দারমানিক, উপজেলা-মেহেন্দিগঞ্জ, জেলা-বরিশাল এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে বরিশাল জেলার মেহেন্দিগঞ্জ উপজেলার ০১ নং আন্দারমানিক ইউনিয়নের নিকাহ রেজিস্ট্রার নিয়োগের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোনো উপযুক্ত আদালতের কোনোরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সাইদুজ্জামান শরীফ**
সিনিয়র সহকারী সচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

**স্বাস্থ্য ও পরিবার কল্যান মন্ত্রণালয়**

**স্বাস্থ্য সেবা বিভাগ**

**ঔষধ প্রশাসন-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৬ জ্যৈষ্ঠ ১৪৩২/২০ মে ২০২৫

**নং ৪৫.০০.০০০০.১৮২.৮২.০০১.২১.৯৫**—এসেনসিয়াল ড্রাগস কোম্পানি লিমিটেড (ইডিসিএল) পরিচালনা পর্ষদের সদস্য (পরিচালক) হিসেবে নিম্নোক্ত কর্মকর্তাগণকে মনোনয়ন প্রদান করা হলো।

| ক্রমিক | কর্তকর্তার নাম, পদবি ও ঠিকানা | মনোনীত পদের নাম ও প্রতিষ্ঠান | মন্তব্য |
|---|---|---|---|
| ০১। | অধ্যাপক ডা. মোঃ সায়েদুর রহমান<br>সাবেক উপাচার্য, বিএমইউ<br>বর্তমান ঠিকানা: মিনিস্টারস অ্যাপার্টমেন্ট-৩, হেয়ার রোড, ঢাকা<br>মোবাইল: ০১৯৭১-৮৪০৭৫৭<br>ই-মেইল: srkhasru@gmail.com | সদস্য (পরিচালক)<br>এসেনসিয়াল ড্রাগস কোম্পানি লিমিটেড (ইডিসিএল) পরিচালনা পর্ষদ | তিনি অধ্যাপক ডাঃ মোঃ ইসমাইল খান, অধ্যাপক (ফার্মাকোলজী) এর স্থলাভিষিক্ত হবেন। |
| ০২। | জনাব মোঃ আবদুস সালাম, এফসিএ<br>প্রাক্তন সভাপতি, ইনস্টিটিউট অব চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস অব বাংলাদেশ<br>অ্যাপার্টমেন্ট-৩০২, বাসা-৪৬, রোড-৪/এ, ধানমন্ডি আ/এ, ঢাকা-১২০৯<br>মোবাইল: ০১৮১৯-২৫২৮০০<br>ই-মেইল: masalam54@gmail.com | সদস্য (পরিচালক)<br>এসেনসিয়াল ড্রাগস কোম্পানি লিমিটেড (ইডিসিএল) পরিচালনা পর্ষদ | তিনি ড. জামাল উদ্দিন আহমেদ, এফসিএ, চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস এর স্থলাভিষিক্ত হবেন। |

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ মোস্তাফিজুর রহমান**
সিনিয়র সহকারী সচিব।

---

**শৃঙ্খলা অধিশাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ২০ এপ্রিল ২০২৫ খ্রি.

**নং ৪৫.০০.০০০০.১২২.২৭.০২৫.২০২০.২৯৫**—যেহেতু ডা. ফারজানা আখতার (১১৪২২৪), মেডিকেল অফিসার, চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল, চট্টগ্রাম-কে গত ২১-০১-২০১৮ খ্রি. তারিখের ১২২৩ নং স্মারকে গন্ডামারা ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, বাঁশখালী, চট্টগ্রামে বদলি করা হলে তিনি উক্ত আদেশ অমান্য করে বদলিকৃত কর্মস্থলে যোগদান করেননি এবং ০৮-০২-২০১৮ হতে ২৮-১২-২০১৯ খ্রি. পর্যন্ত মোট এক বছর দশ মাস বিশ দিন অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন মর্মে অভিযোগ পাওয়া যায়;

যেহেতু, উক্ত অভিযোগে তার বিরুদ্ধে স্বাস্থ্য সেবা বিভাগের ২৪-০৯-২০২০ খ্রি. তারিখের ৪৫.০০.০০০০.১২২.০২৭.০২৫.২০২০-৩৪৬ নং স্মারকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(গ) অনুযায়ী যথাক্রমে অসদাচরণ ও পলায়নের দায়ে বিভাগীয় মামলা (নং ৬০/২০২০) রুজু করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করলে গত ১৬-০১-২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়।

যেহেতু, ব্যক্তিগত শুনানিতে অভিযুক্ত কর্মকর্তার বক্তব্য সন্তোষজনক না হওয়ায় তাকে ০২-০৩-২০২৩ খ্রি. তারিখের ১৪২ নং স্মারকে লঘুদণ্ডস্বরূপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(২)(ঘ) বিধি অনুযায়ী আগামী ০৫ (পাঁচ) বছরের জন্য 'বেতন গ্রেডের নিম্নতর ধাপে অবনমিতকরণ' অর্থাৎ নবম গ্রেড (২২,০০০-৫৩,০৬০/-) স্কেলের বর্তমানে প্রাপ্ত মূল বেতন ৪১,৫৫০/- টাকা হতে বেতন গ্রেডের নিম্নধাপে ২২,০০০/- টাকা মূল বেতনে অবনমিতকরণসূচক লঘুদণ্ড প্রদান করা হয়। একইসঙ্গে, তার গত ০৮-০২-২০১৮ খ্রি. তারিখ হতে অদ্যাবধি সময়কে বিনা বেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হয়;

যেহেতু, তিনি ০৩-০৯-২০২৪ খ্রি. তারিখে হৃদরোগে আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করেন;

যেহেতু, বর্তমান অবস্থায় তার বিরুদ্ধে বিভাগীয় কার্যক্রম পরিচালনার সুযোগ নেই এবং মৃত্যুর আগের দিন পর্যন্ত তার বিরুদ্ধে দণ্ডাদেশ বহাল থাকবে;

সেহেতু, মরহুম ডা. ফারজানা আখতারের ০২-০৩-২০২৩ খ্রি. তারিখের ১৪২ নং স্মারকে প্রদত্ত দণ্ডাদেশটি তার মৃত্যুর পূর্ব দিন ০২-০৯-২০২৪ খ্রি. পর্যন্ত কার্যকর হবে। তিনি ০৩-০৯-২০২৪ খ্রি. তারিখ হতে মূলবেতন ৪১,৫৫০/- টাকায় প্রত্যাবর্তন করবেন এবং এর ধারাবাহিকতায় পেনশনসহ সকল সুবিধাদি প্রাপ্য হবেন।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ: ২৮ এপ্রিল ২০২৫ খ্রি.

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০৪৩.২০১৫-৩১১**—যেহেতু, ডা. মো: ফজলুর রহমান (৩৭২৮২), প্রাক্তন উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সদর দক্ষিণ, কুমিল্লা ২৮-০১-২০১৫ খ্রি. তারিখে ১১৩ নং মামলায় কোতয়ালী মডেল থানার গোয়েন্দা পুলিশ কর্তৃক গ্রেফতার হন;

যেহেতু, স্বাস্থ্য সেবা বিভাগের ২৬-০৫-২০১৫ খ্রি. তারিখের ৪৫.১৫০.২৭.০১.০০.০৪৩.২০১৫-২৭৬ নং স্মারকে বিএসআর পার্ট-১ এর ৭৩ নং বিধির নোট-২ অনুযায়ী উক্ত কর্মকর্তাকে ২৮-০১-২০১৫ খ্রি. তারিখে চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হয়;

যেহেতু, উপর্যুক্ত মামলায় দায়রা জজ ও স্পেশাল ট্রাইব্যুনাল নং-১, কুমিল্লা স্পেশাল ট্রাইব্যুনাল মামলা নং-৫৫/২০১৭ মোতাবেক The Code of Criminal Procedure, 1898 এর ২৬৫ সি ধারার বিধান অনুযায়ী উক্ত কর্মকর্তাকে অভিযোগ থেকে অব্যাহতি প্রদান করা হয়;

সেহেতু, ডা. মো: ফজলুর রহমানের সাময়িক বরখাস্তকরণ সংক্রান্ত স্বাস্থ্য সেবা বিভাগের পূর্বোক্ত প্রজ্ঞাপনটি প্রত্যাহার করা হলো। তার সাময়িক বরখাস্তের সময়কে বিধিমোতাবেক কর্তব্যকাল হিসেবে গণ্য করার জন্য বলা হলো।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ: ১৪ মে ২০২৫ খ্রি.

**নং ৪৫.০০.০০০০.১২২.০২৭.০৫২.২৫-৩৭০**—যেহেতু ডা. শাওন মল্লিক জয় (১৩৯৬১০), সহকারী রেজিস্ট্রার, মানিকগঞ্জ মেডিকেল কলেজ হাসপাতাল, মানিকগঞ্জ-কে গাজীপুর মহানগরের বাসন থানার ২৮-১০-২০২৪ খ্রি. তারিখের ২৬ নং মামলায় পর্নোগ্রাফি নিয়ন্ত্রণ আইন, ২০১২ এর ৮(১)/৮(২)/৮(৩)/৮(৪) ধারার অভিযোগে গ্রেফতার কর হয়;

যেহেতু, সরকারি চাকরি আইন, ২০১৮ এর ৩৯(২) ধারা অনুযায়ী, 'কোনো কর্মচারী দেনার দায়ে কারাগারে আটক থাকিলে, অথবা কোনো ফৌজদারি মামলায় গ্রেফতার হইলে বা তাহার বিরুদ্ধে অভিযোগপত্র গৃহীত হইলে, সরকার বা নিয়োগকারী কর্তৃপক্ষ উক্তরূপ আটক, গ্রেফতার বা অভিযোগপত্র গ্রহণের দিন হইতে তাহাকে সাময়িক বরখাস্ত করিতে পারিবে';

সেহেতু, ডা. শাওন মল্লিক জয়কে ২৮-১০-২০২৪ খ্রি. থেকে চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

সাময়িক বরখাস্ত থাকাকালে তিনি বিধি অনুযায়ী খোরপোষ ভাতা প্রাপ্য হবেন।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মো: সাইদুর রহমান**
সচিব।

---

**নির্মাণ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ৩১ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ/১৪ মে ২০২৫ খ্রিষ্টাব্দ

**নং ৪৫.০০.০০০০.১৫৬.১৪.০০৮.২৫-১৭২**—স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরকে শক্তিশালীকরণের নিমিত্ত গত ১৯-০২-২০২৫ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তের আলোকে স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা নিম্নোক্তভাবে বিকেন্দ্রীকরণ করা হলো এবং কর্মকর্তাদের বুনিয়াদী প্রশিক্ষণের মেয়াদ পুনর্নির্ধারণ করা হলো :

**(ক) প্রশাসনিক ক্ষমতা বিকেন্দ্রীকরণ (কর্মচারীদের বদলি) :**

| গ্রেড | দপ্তর প্রধান (প্রধান প্রকৌশলী) | সার্কেল অফিস (তত্ত্বাবধায়ক প্রকৌশলী) | বিভাগীয় অফিস (নির্বাহী প্রকৌশলী) |
|---|---|---|---|
| সহকারী প্রকৌশলী অথবা সমমান (গ্রেড-৯) | পূর্ণ ক্ষমতা | - | - |

| গ্রেড | দপ্তর প্রধান (প্রধান প্রকৌশলী) | সার্কেল অফিস (তত্ত্বাবধায়ক প্রকৌশলী) | বিভাগীয় অফিস (নির্বাহী প্রকৌশলী) |
|---|---|---|---|
| গ্রেড-১০ হতে ১২ | পূর্ণ ক্ষমতা | - | - |
| গ্রেড-১৩ হতে ২০ | পূর্ণ ক্ষমতা | অধীনস্থ সার্কেলের অভ্যন্তরে ১৩-২০ গ্রেডভুক্ত কর্মচারীদের ক্ষেত্রে | অধীনস্থ সার্কেলের অভ্যন্তরে ১৭-২০ গ্রেডভুক্ত কর্মচারীদের ক্ষেত্রে |

**(খ) আর্থিক ক্ষমতা বিকেন্দ্রীকরণ (অনুন্নয়ন ও উন্নয়ন বাজেট) :**

| আইটেম | দপ্তর প্রধান (প্রধান প্রকৌশলী) | অতিরিক্ত প্রধান প্রকৌশলী | সার্কেল অফিস (তত্ত্বাবধায়ক প্রকৌশলী) | বিভাগীয় অফিস (নির্বাহী প্রকৌশলী) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| **অনুন্নয়ন বাজেট :** | | | | | |
| পূর্ব কাজের ক্রয়চুক্তি অনুমোদন | ৫ কোটি | ১ কোটি | ৩০ লক্ষ | ০৩ লক্ষ | |
| পণ্য/ যন্ত্রপাতি/ সরঞ্জামাদি/ ক্রয়চুক্তি অনুমোদন | ৫ কোটি | ৩০ লক্ষ | ২০ লক্ষ | ০৩ লক্ষ | |
| পরামর্শক সেবা | ১ কোটি | - | - | - | |
| **উন্নয়ন বাজেট :** | | | | | |
| পূর্ব কাজের ক্রয়চুক্তি অনুমোদন | ৩০ কোটি | ০৮ কোটি | ০৫ কোটি | ২৫ লক্ষ | |
| পণ্য/ যন্ত্রপাতি/ সরঞ্জামাদি/ ক্রয়চুক্তি অনুমোদন | ২০ কোটি | ৭৫ লক্ষ | ৫০ লক্ষ | ১৫ লক্ষ | |
| পরামর্শক সেবা | ৭ কোটি | - | - | - | |

**(গ) স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের কর্মকর্তাদের বুনিয়াদী প্রশিক্ষণ সংক্রান্ত :** স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের কর্মকর্তাদের বুনিয়াদী প্রশিক্ষণের মেয়াদ ২৮ দিনের পরিবর্তে ২ মাসে উন্নীত করা হলো।

**মোঃ আরাফাত রহমান**
উপসচিব।

---

**পার-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২০ মে ২০২৫

**নং ৪৫.০০.০০০০.১৪৮.১১.০০১.২৩-৩৮৩**—বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারের নিম্নোক্ত কর্মকর্তার নামের পার্শ্বে উল্লিখিত চাকরিকাল বিএসআর (পার্ট-১) এর ৪২(২) এবং ৩০০(বি) নং বিধি অনুযায়ী মোট পেনশনযোগ্য চাকরিকাল গণনা ও বেতন নির্ধারণের লক্ষ্যে পূর্বতন চাকরির ধারাবাহিকতা সংরক্ষণের আদেশ প্রদান করা হলো :

| নং | নাম ও কোড | বিসিএস স্বাস্থ্য ক্যাডারে চাকরিতে যোগদানের পূর্বে মোট চাকরিকাল |
|---|---|---|
| ১. | ডা: জসীম জুবাইর (১২৮৩২৫) | ১৯-০৪-২০২০ তারিখ হইতে ৩১-০৮-২০২৪ তারিখ পর্যন্ত মোট চাকরিকাল ০৪ বছর ০৪ মাস ১২ দিন |

২। বেতন নির্ধারণের জন্য পূর্ব পদের চাকরিকাল গণনার ক্ষেত্রে পূর্ব পদে ভোগকৃত অসাধারণ ছুটিকালীন সময় বাদ যাবে এবং বর্তমান পদে পূর্বপদের চাকরিকাল জ্যেষ্ঠতার জন্য গণনা করা যাবে না।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সনজীদা শরমিন**
যুগ্মসচিব।

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**জননিরাপত্তা বিভাগ**
**শৃঙ্খলা-২ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ২৪ বৈশাখ ১৪৩২/০৭ মে ২০২৫

**নং ৪৪.০০.০০০০.০৫৮.২৭.০৯৫.২০২৫-২৯৬**—যেহেতু মেহেরপুর জেলার গোয়েন্দা শাখার সাবেক অফিসার ইনচার্জ নিরস্ত্র পুলিশ পরিদর্শক জনাব কে এম রবিউল ইসলাম, (বিপি-৭৭০৬১১০৬৯২) বর্তমানে নিরস্ত্র পুলিশ পরিদর্শক (তদন্ত), যমুনা সেতু পশ্চিম থানা, সিরাজগঞ্জ জেলা এর বিরুদ্ধে জনৈক মোঃ রাশিকুল ইসলাম গং, পুলিশ সুপার, মেহেরপুর বরাবর একটি অভিযোগ দাখিল করেন। অভিযোগে উল্লেখ করা হয় যে, গত ০২-০৫-২০২০ খ্রিঃ তারিখ রাত্র ১১:৩০ ঘটিকা থেকে ০৩-০৫-২০২০ খ্রিঃ তারিখ রাত্র ০১:০০ ঘটিকা পর্যন্ত অভিযুক্তের নেতৃত্বে ১০/১২ জনের একটি দল কোনো অভিযোগ ছাড়া তাদের বাড়ি, বাড়ি সংলগ্ন স্থাপনা, গুদাম ও স্কুলে অনধিকার তল্লাশি চালায়। তল্লাশিকালে ডিবি সদস্যগণ তাদের বাড়ির বিভিন্ন জিনিসপত্র, গুদামে সংরক্ষিত খাদ্য শস্য, স্কুলের শ্রেণি কক্ষ ও অফিস কক্ষে ত্রাণের চাল খুজতে থাকে, যাতে তাদের সামাজিক ভাবমূর্তি প্রচণ্ডভাবে ক্ষুণ্ন হয়েছে; এবং

০২। যেহেতু, পুলিশ সুপার, মেহেরপুর উক্ত অভিযোগ অনুসন্ধান করার জন্য জনাব মোঃ কলিমুল্লাহ, অতিরিক্ত পুলিশ সুপার, সদর সার্কেল, চুয়াডাঙ্গা'কে নির্দেশনা প্রদান করেন। তিনি বর্ণিত অভিযোগের বিষয়ে অনুসন্ধান করতঃ প্রতিবেদন দাখিল করেন। প্রতিবেদনে উল্লেখ করেন, জনাব কে, এম রবিউল ইসলাম এর নেতৃত্বে একটি দল গত ০২-০৫-২০২০ খ্রিঃ তারিখ রাত্র ১১:৩০ ঘটিকা হতে ০৩-০৫-২০২০ খ্রিঃ রাত্র ০১:০০ ঘটিকা পর্যন্ত মোঃ রাশিকুল ইসলাম গং এর বাড়ি, গোডাউন, স্কুলঘরসংলগ্ন বিভিন্ন স্থানে রক্ষিত বস্তা ও কার্টুন তল্লাশির বিষয়টি সত্য। অনুসন্ধানে জানা যায় সাবেক ওসি, ডিবি মেহেরপুর জনাব কে, এম রবিউল ইসলাম ঊর্ধ্বতন অফিসাদের বিনা অনুমতিতে ডিবি অফিসে জিডি না করে ত্রাণের চাউল উক্ত ব্যক্তিদের বাড়িতে রক্ষিত আছে মর্মে উদ্দেশ্য প্রণোদিতভাবে তল্লাশি করেন; এবং

০৩। যেহেতু, জেলা গোয়েন্দা শাখার জিডি নং-৯৯/১৯, তারিখ-১৪-১১-২০১৯ খ্রিঃ মূলে ডিবি মেহেরপুর এর নিরস্ত্র পুলিশ পরিদর্শক জনাব মোঃ জুলফিকার আলীর নেতৃত্বে এসআই আব্দুল্লাহ আল মামুন সহ সঙ্গীয় ফোর্স ধলা গ্রামের মোঃ ইকবাল হোসেন এর বাড়ি তল্লাশি করে গরুর চারা কাটার তিনটি হাসুয়া পেয়ে হাসুয়াসহ তাকে ডিবি অফিসে নিয়ে আসেন এবং তাকে ছেড়ে দেওয়ার বিষয়ে তার নিকট ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা দাবি করেন। নগদ ৯৫,০০০/- (পঁচানব্বই হাজার) টাকা নিয়ে সাদা কাগজে স্বাক্ষর করিয়ে কোনো মামলা না নিয়ে তাকে ছেড়ে দেন। এসআই আব্দুল্লাহ-আল-মামুন বিষয়টি সাবেক অফিসার ইনচার্জ, জেলা গোয়েন্দা শাখা, মেহেরপুর জনাব কে, এম রবিউল ইসলাম'কে জানান। এ বিষয়ে ওসি হিসেবে তিনি দায় এড়াতে পারেন না। এরূপ কর্মকাণ্ডের জন্য পুলিশ বাহিনীর ভাবমূর্তি চরমভাবে ক্ষুণ্ন হয়েছে বা অসদাচরণ এর শামিল। তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি নং ৪(২)(ঘ) মোতাবেক লঘুদন্ড হিসেবে ১ (এক) বছরের জন্য "বেতন গ্রেডের নিম্মতর ধাপে অবনমিতকরণ" এর দণ্ডাদেশ প্রদান করা হয়। প্রদত্ত দণ্ডে সংক্ষুব্ধ হয়ে তিনি আপিল আবেদন করেন; এবং

০৪। যেহেতু, আবেদন অনুযায়ী ০৭-০৫-২০২৫ তারিখ তার আপিল শুনানি গ্রহণ করা হয়। সরকার পক্ষের প্রতিনিধি অভিযোগের স্বপক্ষে বক্তব্য রাখেন। অপরদিকে আপিলকারী কর্মকর্তা হিসাবে তিনি তার বিরুদ্ধে আনীত অভিযোগ দন্ড মওকুফের প্রার্থনা করেন; এবং

০৫। যেহেতু, আনীত অভিযোগ, দাখিলকৃত লিখিত জবাব, আপিল শুনানি কালে পক্ষগণের বক্তব্য ও প্রাসঙ্গিক তথ্যাদি পর্যালোচনায় আপিলকারী কর্মকর্তাকে প্রদত্ত দন্ড মাত্রাতিরিক্ত হয়েছে মর্মে প্রতীয়মান হয়;

০৬। সেহেতু, মেহেরপুর জেলার গোয়েন্দা শাখার সাবেক অফিসার ইনচার্জ নিরস্ত্র পুলিশ পরিদর্শক জনাব কে এম রবিউল ইসলাম, (বিপি-৭৭০৬১১০৬৯২) বর্তমানে নিরস্ত্র পুলিশ পরিদর্শক (তদন্ত), যমুনা সেতু পশ্চিম থানা, সিরাজগঞ্জ জেলাকে প্রদত্ত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি নং ৪(২)(ঘ) মোতাবেক লঘুদন্ড হিসেবে ১ (এক) বছরের জন্য "বেতন গ্রেডের নিম্মতর ধাপে অবনমিতকরণ" আদেশ মাত্রাতিরিক্ত হওয়ায় অভিযুক্তকে একই বিধিমালায় বিধি ৪(২) (ক) মোতাবেক "তিরস্কার" লঘুদণ্ডাদেশ প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ৪৪.০০.০০০০.০৫৮.২৭.০৫৭.২০২৫-২৯৭**—যেহেতু, জনাব আব্দুল্লাহ আল মামুন, পিপিএম-সেবা (বিপি-৯১১৮২২০৪৯৫), সহকারী পুলিশ সুপার, ডিএসবি, ঢাকা জেলা, বর্তমানে সহকারী পুলিশ কমিশনার (রমনা জোন) কর্মরত আছেন। গত ১৮ জুলাই ২০২৪ খ্রিঃ তারিখ বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনে এমআইএসটি'র ছাত্র শহীদ শেখ আশ-হাবুল ইয়ামিনকে নির্মমভাবে হত্যার ঘটনা তদন্তের জন্য পুলিশ সুপারের কার্যালয়, ঢাকা ৩ সদস্য-বিশিষ্ট একটি অনুসন্ধান কমিটি গঠন করে এবং তাকে উক্ত কমিটির সদস্য নিযুক্ত করা হয়। সেই মোতাবেক তিনিসহ কমিটির অন্যান্য সদস্যরা মিলে একটি অনুসন্ধান প্রতিবেদন দাখিল করেন যেটির নির্ভুলতা ও সত্যতা নিয়ে সন্দেহ পরিলক্ষিত হয়। উক্ত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, অনুসন্ধান কার্যক্রমে কোনো পাবলিক সাক্ষীর সাক্ষ্য গ্রহণ করা হয়নি, দোষী ব্যক্তিদের দায়দায়িত্ব নিরূপণে সমষ্টিগত দায় নির্ধারণ করা হয়েছে কিন্তু ব্যক্তির দায় নিরূপণ করা হয়নি এবং কোনোরূপ শাস্তি বা বিভাগীয় ব্যবস্থা গ্রহণের সুপারিশ করা হয়নি। এ ধরনের সংবেদনশীল বিষয়ে অনুসন্ধানের ক্ষেত্রে কমিটির সদস্য হিসাবে তার আরো দায়িত্বশীল, পেশাদার ও সচেতন ভূমিকা পালন করা উচিত ছিল। তিনি তার উপর অর্পিত দায়িত্ব পেশাদারিত্বের সাথে পালন না করে চরম অবহেলার পরিচয় দিয়েছেন। একজন প্রথম শ্রেণির কর্মকর্তা হিসাবে তার উপরোক্ত কর্মকাণ্ড সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি নং ২(খ) এর সংজ্ঞানুসারে "অসদাচরণের" শামিল এবং একই বিধিমালার ৩ (খ) বিধি অনুসারে শাস্তিযোগ্য অপরাধ; এবং

০২। যেহেতু, তার উপর্যুক্ত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মতে "অসদাচরণ" এর শামিল। তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) বিধি মোতাবেক "অসদাচরণ" এর অভিযোগে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী জারি করা হয়। একই সাথে গঠিত অভিযোগনামার বিপরীতে অভিযুক্ত অতিরিক্ত পুলিশ সুপার জনাব আব্দুল্লাহ আল মামুন, পিপিএম-সেবা (বিপি-৯১১৮২২০৪৯৫), সহকারী পুলিশ সুপার, ডিএসবি, ঢাকা জেলা, বর্তমানে সহকারী পুলিশ কমিশনার (রমনা জোন)-কে কারণ দর্শাতে বলা হয়; এবং

০৩। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা কারণ দর্শানোর জবাব প্রদানপূর্বক ব্যক্তিগত শুনানির আবেদন করেন। তদপ্রেক্ষিতে অভিযুক্তের ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। অভিযুক্ত কর্মকর্তার কারণ দর্শানোর জবাব এবং প্রাসঙ্গিক সকল তথ্যাদি পর্যালোচনা করে অভিযক্তের বক্তব্য গ্রহণযোগ্য প্রতীয়মান হওয়ায় তাকে এ বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি দেয়া যায়; এবং

০৪। সেহেতু, জনাব আব্দুল্লাহ আল মামুন, পিপিএম-সেবা (বিপি-৯১১৮২২০৪৯৫), সহকারী পুলিশ সুপার, ডিএসবি, ঢাকা জেলা, বর্তমানে সহকারী পুলিশ কমিশনার (রমনা জোন)-এর বিরুদ্ধে আনীত অভিযোগ, আত্মপক্ষ সমর্থনে তার লিখিত জবাব, ব্যক্তিগত শুনানিতে উভয়পক্ষের বক্তব্য, অভিযোগ সম্পর্কিত প্রাসঙ্গিক দলিলপত্রাদি বিচার বিশ্লেষণ করে এবং তার চাকরির বয়স ও কমিটিতে কনিষ্ঠতম সদস্য ইত্যাদি সার্বিক বিষয় বিবেচনা করে তাকে ভবিষ্যতের জন্য সতর্ক করে অব্যাহতি প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ: ৩১ বৈশাখ ১৪৩২/১৪ মে ২০২৫

**নং ৪৪.০০.০০০০.০৫৮.২৭.১২৫.২৪-৩০৫**—যেহেতু, জনাব মোঃ তারিক রহমান, (বিপি-৮৫১৪১৬৬১৯৫) সাবেক অতিরিক্ত পুলিশ সুপার, বাংলাদেশ পুলিশ একাডেমী, সারদা, রাজশাহী বর্তমানে রংপুর রেঞ্জ ডিআইজি কার্যালয়ে সংযুক্ত আছেন। তিনি বাংলাদেশ পুলিশ একাডেমীতে অতিরিক্ত পুলিশ সুপার (ফিল্ড) হিসেবে (০৮-০৪-২০২৩ থেকে ০৫-১১-২০২৪ তারিখ পর্যন্ত) কর্মরত থাকাকালীন বিভিন্ন তারিখ ও সময়ে তার ব্যক্তিগত মোবাইল নম্বর-০১৭১১৩৩০০৩৩ এর মাধ্যমে অধঃস্তন ও প্রশিক্ষণার্থী ক্যাডেট এসআই পিএ-৪০৯০৬ সুমি প্রামাণিকের সাথে তার ব্যক্তিগত মোবাইল নম্বর-০১৭৬৫৯৩২৭৯১-এ এসএমএস ও Whatsapp এর মাধ্যমে বার্তা আদান-প্রদান করতঃ অন্তরঙ্গ আলাপচারিতায় নিজেকে সম্পৃক্ত করেন। তিনি বিবাহিত হওয়া সত্ত্বেও তার অধঃস্তন ও ভিন্ন ধর্মাবলম্বী একজন নারী প্রশিক্ষণার্থীর সাথে এরূপ অন্তরঙ্গ আলাপচারিতা শিষ্টাচার-বহির্ভূত এবং নীতি নৈতিক-বিবর্জিত আচরণ। তিনি বাংলাদেশ পুলিশ একাডেমীতে কর্মরত থেকে একাডেমীর বিধি-বিধান ও নিয়ম শৃঙ্খলা সম্পর্কে সম্যক অবগত হওয়া সত্ত্বেও ক্যাডেট এসআই পিএ-৪০৯০৬ সুমি প্রামাণিক কর্তৃক অবৈধভাবে মোবাইল ফোন ব্যবহারের বিষয়টি জানার পরও তিনি তাকে নিবৃত্ত করেননি, এমনকি কর্তৃপক্ষকেও তা অবগত করেননি। সুমি প্রামাণিকের বিরুদ্ধে বর্ণিত অভিযোগের বিষয়ে তার জিজ্ঞাসাবাদকালে প্রাসঙ্গিক প্রশ্নের উত্তর দিতে বাধ্য হওয়া সত্ত্বেও তিনি জবাব দিতে অস্বীকার করে অনুসন্ধানকারী কর্মকর্তাকে অসহযোগিতা করেছেন, যা পিআরবি রেগুলেশন ১২১ এর সুস্পষ্ট লঙ্ঘন। তিনি পুলিশ সুপার (অ্যাডমিন অ্যান্ড লজিস্টিকস্), বাংলাদেশ পুলিশ একাডেমী, সারদা কর্তৃক স্বাক্ষরিত সাক্ষ্য প্রদানের আদেশ সম্বলিত স্মারক নং-বিপিএ/আরও (প্রসেডিং)১৫৬৮, তারিখ-১৪-০৭-২০২৪ পত্রটি গ্রহণে অস্বীকৃতি জ্ঞাপন করেন, যা পুলিশ আইন ১৮৬১ এর ২৩(১) ধারার সুস্পষ্ট লঙ্ঘন; এবং

০২। যেহেতু, তার স্ত্রী রোকসানা জামান গত ১০-০৯-২০২৪ খ্রি. তারিখে উর্মি গেস্ট হাউজ থেকে তাদের প্রতিবন্ধি শিশু সন্তান দিমানকে (৮) কনস্টেবল/২৭৪৭ মোঃ রুবেল এর সাথে বেড়ানোর জন্য প্রেরণ করেন। দিমানকে ঘুরানোর জন্য এক পর্যায়ে উক্ত কনস্টেবল তাকে নিয়ে বেলা আনুমানিক ১২.০০ ঘটিকার সময় যাদুঘরস্থ ব্যারাকে নিয়ে যায়। সেখানে উক্ত কনস্টেবল তার ব্যাচমেট কং/২৭৪৫ মোঃ নাজমুল হুসাইন সিয়ামসহ কিছু সময় কাটিয়ে বেলা আনুমানিক ১৩.০০ ঘটিকায় উর্মি গেস্ট হাউজে তার রুমে নিয়ে আসে। তখন তার স্ত্রী ছেলের গালে কালো দাগ দেখে কং/২৭৪৭ মোঃ রুবেলকে দাগের কারণ জিজ্ঞাসা করলে সে জানায় যে, কং/২৭৪৫ মোঃ নাজমুল হুসাইন সিয়াম তাকে আদর করার সময় উক্ত দাগ হয়েছে। তার স্ত্রী বিষয়টি তাকে জানালে তিনি সন্তানের গালে কালো দাগ দেখে কনস্টেবল মোঃ রুবেল ও কনস্টেবল মোঃ নাজমুল হুসাইন সিয়ামকে গেস্ট হাউজে তার রুমে ডেকে জিজ্ঞসাবাদের এক পর্যায়ে কনস্টেবল সিয়ামকে চড়-থাপ্পড় মারেন। কনস্টেবলদ্বয় চলে যাওয়ার কিছুক্ষণ পর তিনি আরআই মোঃ ইকবাল হোসেনকে পুনরায় তাদের ধরে উর্মি গেস্ট হাউজে আনার নির্দেশ দেন। বেলা আনুমানিক ১৩:৩০ ঘটিকার সময় আরআই মোঃ ইকবাল হোসেন কনস্টেবলদ্বয়কে উর্মি গেস্ট হাউজের নিচে গ্লাস ডোরের সামনে নিয়ে আসেন। সেখানে তিনি পুনরায় কনস্টেবল সিয়ামকে চড়-থাপ্পড় মারলে সে ছিটকে মাটিতে পড়ে যায়, যা সিসিটিভি ফুটেজে স্পষ্ট দেখা যায়। তার উপর্যুক্ত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মতে "অসদাচরণ" এর শামিল। তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) বিধি মোতাবেক "অসদাচরণ" এর অভিযোগে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী জারি করা হয়। একই সাথে গঠিত অভিযোগনামার বিপরীতে অভিযুক্ত অতিরিক্ত পুলিশ সুপার জনাব মোঃ তারিক রহমান, (বিপি-৮৫১৪১৬৬১৯৫)-কে কারণ দর্শাতে বলা হয়; এবং

০৩। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা কারণ দর্শানোর জবাব প্রদানপূর্বক ব্যক্তিগত শুনানির আবেদন করেন। তদপ্রেক্ষিতে অভিযুক্তের ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। অভিযুক্ত কর্মকর্তার কারণ দর্শানোর জবাব এবং প্রাসঙ্গিক সকল তথ্যাদি পর্যালোচনা করে অভিযুক্তের বক্তব্য গ্রহণযোগ্য এবং অভিযোগের সত্যতা সন্দেহাতীত নয় মর্মে প্রতীয়মান হওয়ায় তাকে এ বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি দেয়া যায়; এবং

০৪। সেহেতু, জনাব মোঃ তারিক রহমান, (বিপি-৮৫১৪১৬৬১৯৫) অতিরিক্ত পুলিশ সুপার, বাংলাদেশ পুলিশ একাডেমী, সারদা, রাজশাহী বর্তমানে রংপুর রেঞ্জ ডিআইজি কার্যালয়ে সংযুক্ত-এর বিরুদ্ধে আনীত অভিযোগ, আত্মপক্ষ সমর্থনে তার লিখিত জবাবসমূহ, ব্যক্তিগত শুনানীতে উভয়পক্ষের বক্তব্য, অভিযোগ সম্পর্কিত প্রাসঙ্গিক দলিলপত্রাদি পুঙ্খানুপুঙ্খভাবে বিচার বিশ্লেষণ করে এবং তার প্রতিবন্ধি শিশু সন্তান দিমান (৮)-এর গালে কালোদাগ দেখে কনস্টেবল নাজমুল ইসলাম সিয়ামকে গেস্ট হাউজ তার রুমে ডেকে চড়থাপ্পড় মারা সংক্রান্ত অভিযোগের বিষয়ে বিভাগীয় মামলার দায় হতে তাকে অব্যাহতি প্রদান করা হলো এবং তিনি বিবাহিত হওয়া সত্ত্বেও তার অধঃস্তন ও ভিন্ন ধর্মাবলম্বী একজন নারী প্রশিক্ষণার্থীর সাথে এরূপ অন্তরঙ্গ আলাপচারিতা সাংক্রান্ত অভিযোগের বিষয়ে সতর্ক করে তাকে অব্যাহতি প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নাসিমুল গনি**
সিনিয়র সচিব।

**গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়**
**প্রশাসন অনুবিভাগ**
**প্রশাসন অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৩ জ্যৈষ্ঠ ১৪৩২/১৭ মে ২০২৫

**নং ২৫.০০.০০০০.০১৮.২৭.০১২.২৩-১৬৯**—যেহেতু, জনাব আবদুল্লা আল মামুন, উপ-বিভাগীয় প্রকৌশলী (ই/এম) (চলতি দায়িত্ব) (রিজার্ভ), গণপূর্ত অধিদপ্তর, ঢাকায় কর্মরত অবস্থায় Ph.D in Electrical Engineering কোর্সে অধ্যয়নের নিমিত্ত ০১-০১-২০২১ থেকে ৩১-১২-২০২২ তারিখ পর্যন্ত অথবা ভ্রমণের প্রকৃত তারিখ থেকে ০২(দুই) বছর প্রেষণাদেশ মঞ্জুর করা হয়। উক্ত প্রেষণাদেশ বৃদ্ধির জন্য তার ০৮-১২-২০২২ তারিখের আবেদনটি এ মন্ত্রণালয় থেকে ০৯-০৫-২০২৩ তারিখ নামঞ্জুর করা হয়। গণপূর্ত অধিদপ্তরের ০৭-০৬-২০২৩ তারিখের ২৫.৩৬.০০০০.২১৫.০৮. ০০১.২১-৫৮৫ নম্বর স্মারকে তাকে দেশে প্রত্যাবর্তনপূর্বক কর্মস্থলে যোগদানের জন্য পত্র প্রেরণ করা হয়। তিনি কারণ দর্শানোর কোনো জবাব প্রদান করেননি এবং কর্মস্থলেও যোগদান করেননি। তিনি গত ০১-০১-২০২৩ তারিখ থেকে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত আছেন। পরবর্তীতে, গণপূর্ত অধিদপ্তর থেকে ২৩-০৮-২০২৩ তারিখ ১০ (দশ) কর্মদিবসের মধ্যে কারণ দর্শানোর জবাব প্রদানের জন্য তাকে অনুরোধ করা হয়। কিন্তু, তিনি অদ্যাবধি কারণ দর্শানোর জবাব প্রদান করেননি। উক্ত অভিযোগের পরিপ্রেক্ষিতে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ এর উপ-বিধি (খ) ও (গ) অনুযায়ী যথাক্রমে 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগে ০২/২০২৪ নম্বর বিভাগীয় মামলা রুজু করা হয়। তিনি গত ৩০-০১-২০২৪ তারিখ প্রথম কারণ দর্শানোর জবাব প্রেরণ করেন। তাকে শুনানিতে উপস্থিত হয়ে বক্তব্য প্রদানের জন্য নোটিশ করা হয়। কিন্তু তিনি শুনানিতে উপস্থিত না হয়ে ই-মেইলে জবাব প্রদান করেন;

০২। যেহেতু, উপর্যুক্ত বিভাগীয় মামলাটি তদন্ত করার লক্ষ্যে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের উপসচিব জনাব মোহাম্মদ আবদুল আওয়ালকে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধিতে উল্লিখিত "অসদাচরণ" এবং বিধি ৩(গ) তে উল্লিখিত "পলায়ন" এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে প্রতিবেদন দাখিল করেন;

০৩। যেহেতু, তদন্তে অভিযোগ প্রমাণিত হওয়ায় অভিযুক্ত কর্মকর্তাকে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়। অভিযুক্ত কর্মকর্তা ২য় কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল না করায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপ-বিধি ৩ এর (ঘ) অনুযায়ী তাকে 'চাকরি হতে বরখাস্তকরণ' গুরুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। সে মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশন (পরামর্শ) প্রবিধানমালা, ১৯৭৯ এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি-৭ এর উপ-বিধি-১০ মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনে পরামর্শ প্রদানের জন্য অনুরোধ পত্র প্রেরণ করা হয়। বাংলাদেশ সরকারী কর্ম কমিশন জনাব আবদুল্লা আল মামুনকে 'চাকরি হতে বরখাস্তকরণ' গুরুদণ্ড প্রদানের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপ-বিধি ৩ এর (ঘ) অনুযায়ী তাকে 'চাকরি হতে বরখাস্তকরণ' গুরুদণ্ড দেয়া প্রয়োজন;

০৪। যেহেতু, বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের মতামত এবং বিভাগীয় মামলার সংশ্লিষ্ট কাগজপত্রসহ প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনা করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপ-বিধি ৩ এর (ঘ) অনুযায়ী জনাব আবদুল্লা আল মামুনকে 'চাকরি হতে বরখাস্তকরণ' গুরুদণ্ড প্রদানের সিদ্ধান্ত বহাল রাখা হয় এবং যেহেতু নিয়োগকারী কর্তৃপক্ষ হিসেবে মহামান্য রাষ্ট্রপতি জনাব আবদুল্লা আল মামুনকে 'চাকরি হতে বরখাস্তকরণ' গুরুদণ্ড আরোপের প্রস্তাব সানুগ্রহ অনুমোদন প্রদান করেছেন;

০৫। সেহেতু, জনাব আবদুল্লা আল মামুন, উপ-বিভাগীয় প্রকৌশলী (ই/এম) চলতি দায়িত্ব)(রিজার্ভ), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(গ) অনুযায়ী যথাক্রমে "অসদাচরণ" ও "পলায়ন" এর অভিযোগ প্রমাণিত হওয়ায় তাকে "অসদাচরণ" ও "পলায়ন" এর অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার বিধি ৪ এর উপ-বিধি ৩ এর (ঘ) অনুযায়ী 'চাকরি হতে বরখাস্ত' করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মো: নজরুল ইসলাম**
সচিব।

---

**জনপ্রশাসন মন্ত্রণালয়**
**শৃঙ্খলা-৪ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৮ জ্যৈষ্ঠ ১৪৩২/২২ মে ২০২৫

নং **০৫.০০.০০০০.১৮৩.২৭.০০৬.২৩-১৬৪**—যেহেতু, মিজ্ সোনিয়া আফরিন (১৫৮০০), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (সিনিয়র সহকারী সচিব), জনপ্রশাসন মন্ত্রণালয় বিগত ১৪ নভেম্বর ২০১৯ তারিখে লিয়েনের আবেদন করেন এবং তৎপ্রেক্ষিতে অস্ট্রেলিয়ায় অবস্থিত Australian Export Grain Innovation Center (AEGIC) নামক প্রতিষ্ঠানে Grain Quality Technical Officer পদে চাকরি করার জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২২ ডিসেম্বর ২০১৯ তারিখের ০৫.০০.০০০০.১৪৬.১১.০৪৫.১৯-৫৫২ নম্বর স্মারকমূলে ২২ ডিসেম্বর ২০১৯ থেকে ২১ ডিসেম্বর ২০২১ তারিখ পর্যন্ত মোট ০২ (দুই) বছর মেয়াদে তার অনুকূলে লিয়েন মঞ্জুর করা হয় এবং তিনি সরকারের অনুমোদিত সময়ের মধ্যে সরকারি কাজে যোগদান করবেন মর্মে ৩০০/- (তিনশত) টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পের মাধ্যমে অঙ্গীকারনামা দাখিল করেন;

২। যেহেতু, তিনি লিয়েনের মেয়াদ শেষে অঙ্গীকারনামা অনুযায়ী সরকারি কাজে যোগদান না করে পূর্বের লিয়েনের ধারাবাহিকতায় ২২ ডিসেম্বর ২০২৪ তারিখ পর্যন্ত লিয়েন বর্ধিতকরণের জন্য ০৭ ডিসেম্বর ২০২১ তারিখে একটি আবেদন করেন যা যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক নামঞ্জুর হওয়ায় জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৮ আগস্ট ২০২২ তারিখের ০৫.০০.০০০০.১৪৬.১১. ০৪৫.১৯-২৫৫ নম্বর স্মারকমূলে অবিলম্বে সরকারি চাকরিতে যোগদান করার জন্য তার অনুকূলে পত্র প্রেরণ করা হয় এবং বিষয়টি ই- মেইল ও ফোনে তাকে যথাযথভাবে অবহিত করা হয়; কিন্তু জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২২ ডিসেম্বর ২০১৯ তারিখের ০৫.০০. ০০০০.১৪৬.১১.০৪৫.১৯-৫৫২ নম্বর লিয়েন আদেশপত্রের 1(j) নম্বর অনুচ্ছেদের শর্ত মোতাবেক লিয়েনের মেয়াদ শেষ হওয়ার ০৪ (চার) সপ্তাহের মধ্যে বাংলাদেশ সরকারের চাকরিতে যোগদানের বাধ্যবাধকতা থাকলেও তিনি নির্ধারিত সময়ের মধ্যে চাকরিতে যোগদান না করে ২২ ডিসেম্বর ২০২১ তারিখ থেকে অদ্যাবধি অননুমোদিতভাবে বিদেশে অবস্থান করছেন;

৩। যেহেতু, তার উল্লিখিত কার্যক্রম এবং অনুমতিসহ দেশত্যাগ করার পর অনুমোদিত সময়ের অতিরিক্ত ৬০ (ষাট) দিনের বেশি সময় অননুমোদিতভাবে বিদেশে অবস্থান করার মাধ্যমে কর্তৃপক্ষের আদেশ অমান্য করা ও কর্তব্যে চরম অবহেলো প্রদর্শন করার কারণে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(গ) মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগে ১৪ মার্চ ২০২৪ তারিখে বিভাগীয় মামলা নম্বর ০৭/২০২৪ রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী জারি করে কৈফিয়ত তলব করা হলে তিনি জবাব দাখিল না করায় এবং অভিযোগের বিষয়ে অধিকতর তদন্তের প্রয়োজনীয়তা রয়েছে মর্মে প্রতীয়মান হওয়ায় তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়; তদন্ত কর্মকর্তা তদন্তপূর্বক সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(গ) মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে ১৯ নভেম্বর ২০২৪ তারিখে তদন্ত প্রতিবেদন দাখিল করেন;

৪। যেহেতু, উক্ত তদন্ত প্রতিবেদনের আলোকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(৩)(গ) মোতাবেক তাকে 'চাকরি হতে অপসারণ' সূচক গুরুদণ্ড প্রদানের প্রাথমিক সিদ্ধান্ত গৃহীত হয় এবং কেন তাকে প্রস্তাবিত গুরুদণ্ড প্রদান করা হবে না তা জানতে চেয়ে একই বিধিমালার ৭(৯) বিধি মোতাবেক ২৩ ডিসেম্বর ২০২৪ তারিখের ০৫.০০.০০০০.১৮৩. ২৭.০০৬.২৩-৬২৩ নম্বর স্মারকে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ তার বর্তমান ও স্থায়ী ঠিকানায় এবং ই-মেইলে প্রেরণ করা হলে তিনি নির্ধারিত সময়ে ই-মেইলে দ্বিতীয় কারণ দর্শানোর জবাব প্রদান করেন;

৫। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় এবং তার দ্বিতীয় কারণ দর্শানোর জবাব সন্তোষজনক না হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(৩)(গ) মোতাবেক তাকে 'চাকরি হতে অপসারণ' সূচক প্রস্তাবিত গুরুদণ্ড প্রদানের সিদ্ধান্ত বহাল রাখা হয়;

৬। যেহেতু, উক্ত গুরুদণ্ড প্রদানের সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭(১০) অনুযায়ী বাংলাদেশ সরকারী কর্ম কমিশনকে পরামর্শ প্রদানের জন্য অনুরোধ করা হলে অভিযুক্ত কর্মকর্তাকে 'চাকরি হতে অপসারণ' সূচক গুরুদণ্ড প্রদানের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তের সাথে কমিশন একমত পোষণ করে পরামর্শ প্রদান করেছে; এবং

৭। যেহেতু, মিজ্ সোনিয়া আফরিন (১৫৮০০), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (সিনিয়র সহকারী সচিব), জনপ্রশাসন মন্ত্রণালয় এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(গ) মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় তাকে সরকারি 'চাকরি হতে অপসারণ' সূচক গুরুদণ্ড প্রদানের বিষয়টি মহামান্য রাষ্ট্রপতি সানুগ্রহ অনুমোদন করেছেন;

৮। সেহেতু, মিজ্ সোনিয়া আফরিন (১৫৮০০), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (সিনিয়র সহকারী সচিব), জনপ্রশাসন মন্ত্রণালয় কে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(গ) মোতাবেক আনীত ও প্রমাণিত যথাক্রমে 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার বিধি ৪(৩)(গ) মোতাবেক তাকে অননুমোদিত অনুপস্থিতির তারিখ অর্থাৎ ২২ ডিসেম্বর ২০২১ তারিখ থেকে 'চাকরি হতে অপসারণ' সূচক গুরুদণ্ড প্রদান করা হলো।

৯। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোঃ মোখলেস উর রহমান**
সিনিয়র সচিব।

---

**অর্থ মন্ত্রণালয়**
**আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**
**ক্ষুদ্রঋণ-১ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ৩০ বৈশাখ ১৪৩২/১৩ মে ২০২৫

নং **৫৩.০০.০০০০.৪১২.১১.০০১.২৫-২০৮**—গ্রামীণ ব্যাংক আইন, ২০১৩ (২০২৫ সাল পর্যন্ত সংশোধিত) এর ধারা (৯)(১) (ক) মোতাবেক গ্রামীণ ব্যাংকের পরিচালনা বোর্ডের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক মনোনীত পরিচালক হিসেবে ড. আবদুল হান্নান চৌধুরী, অধ্যাপক, স্কুল অব বিজনেস এন্ড ইকোনমিয়া, নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়, ঢাকা- কে তাঁর যোগদানের তারিখ হতে ০৩ (তিন) বছরের জন্য নিয়োগ প্রদান করা হলো এবং এ বিভাগের ০৩ সেপ্টেম্বর ২০২৪ তারিখের ৫৩.০০.০০০০.৩১১.১১.০০১.২০.৯০ সংখ্যক প্রজ্ঞাপনমূলে তাঁকে গ্রামীণ ব্যাংকের পরিচালনা বোর্ডে পরিচালক ও চেয়ারম্যান হিসেবে নিয়োগ এতদ্বারা বাতিল করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ১০ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ/২৪ মে ২০২৫ খ্রিষ্টাব্দ

নং **৫৩.০০.০০০০.০০০.৪১২.১১.০০০৩.২৪.২২৫**—পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)-এর সংঘ বিধির ৬(এ) এবং ৬(ই) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে জনাব শফিকুল ইসলাম শাহেদ- কে উক্ত প্রতিষ্ঠানের সাধারণ পর্ষদে সরকারি সদস্য হিসেবে যোগদানের তারিখ হতে পরবর্তী ০৩ (তিন) বছরের জন্য নির্দেশক্রমে মনোনয়ন প্রদান করা হ'ল।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ অতুল মন্ডল**
উপসচিব।

## কেন্দ্রীয় ব্যাংক শাখা

### প্রজ্ঞাপন

তারিখ : ৬ জ্যৈষ্ঠ, ১৪৩২/২০ মে, ২০২৫

নং **৫৩.০০.০০০০.৩১১.১১.০২১.১৭-২৪২**—প্রবাসী কল্যাণ ব্যাংক আইন, ২০১০ এর ধারা ১০(১)(ঝ) অনুযায়ী ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের মহাপরিচালক জনাব নূর মোঃ মাহবুবুল হক (অতিরিক্ত সচিব) এর পদায়নজনিত কারণে তাঁর পরিবর্তে ব্যারিস্টার মোঃ গোলাম সরওয়ার ভূঁইয়া, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড-কে প্রবাসী কল্যাণ ব্যাংকের পরিচালনা বোর্ডে পরিচালক হিসেবে তাঁর যোগদানের তারিখ হতে বর্তমান পদে কর্মরত থাকাকালীন সর্বোচ্চ ০৩ (তিন) বছরের জন্য নিয়োগ প্রদান করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আফছানা বিলকিস**
উপসচিব।

---

## বীমা-২ শাখা

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ০৭ জ্যৈষ্ঠ, ১৪৩২ বঙ্গাব্দ/২১ মে, ২০২৫ খ্রিষ্টাব্দ

নং **৫৩.০০.০০০০.৪১১.১১.০০১.২৪-১৬৭**—বীমা কর্পোরেশন আইন, ২০১৯-এর ধারা ৯(১)(ঘ)-এর বিধান অনুযায়ী জীবন বীমা কর্পোরেশন-এর পরিচালনা বোর্ডে বাণিজ্য মন্ত্রণালয়ের প্রতিনিধি ক্যাটাগরিতে পরিচালক হিসেবে নিয়োগপ্রাপ্ত কাজী মোঃ মোজাম্মেল হক, অতিরিক্ত সচিব- কে অব্যাহতি প্রদানপূর্বক তাঁর স্থলে জনাব মোঃ আবদুর রহিম খান, অতিরিক্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়- কে তাঁর যোগদানের তারিখ হতে পরবর্তী ৩ (তিন) বছর অথবা বাণিজ্য মন্ত্রণালয়ে চাকরিরত থাকাকালীন মেয়াদে (যেটি পূর্বে ঘটে) পরিচালক হিসেবে নিয়োগ প্রদান করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ০৮ জ্যৈষ্ঠ, ১৪৩২ বঙ্গাব্দ/২২ মে, ২০২৫ খ্রিষ্টাব্দ

নং **৫৩.০০.০০০০.৪১১.১১.০০১.২৪-১৭৫**—বীমা কর্পোরেশন আইন, ২০১৯ এর ৯(১)(জ) ধারা মোতাবেক জীবন বীমা কর্পোরেশনের পরিচালনা বোর্ডে হিসাবরক্ষণ ও নিরীক্ষা বিষয়ে অভিজ্ঞ ১ (এক) জন পেশাদার একাউন্টেন্ট ক্যাটাগরিতে পরিচালক হিসেবে জনাব মোঃ শফিকুল আলম, প্রধান নির্বাহী কর্মকর্তা, 'শফিকুল আলম এন্ড কোম্পানি, চার্টার্ড একাউন্টেন্টস'- কে তাঁর যোগদানের তারিখ থেকে আগামী ৩ (তিন) বছরের জন্য নিয়োগ প্রদান করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ আবরাউল হাছান মজুমদার**
উপসচিব।

## অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
## এডিবি-৩ শাখা

### প্রজ্ঞাপন

তারিখ : ২১ বৈশাখ ১৪৩২/০৪ মে ২০২৫

নং **০৯.০০.০০০০.০০০.১২৫.১৪.০০০২.২৫-২৩**—আগামী ০৫ মে ২০২৫ তারিখ, সোমবার বেলা: ১১.০০ টায় Vittually এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)-এর সঙ্গে Integrated Services and Livelihood for Displaced People from Myanmar and Host Communities Improvement Project- শীর্ষক প্রকল্পের খসড়া ঋণচুক্তি, অনুদানচুক্তি এবং তৎসংশ্লিষ্ট দলিলাদির উপর Loan Negotiation অনুষ্ঠিত হবে। এ লক্ষ্যে নিম্নোক্তভাবে বাংলাদেশ প্রতিনিধি দল গঠন করা হলো :

| | | |
|---|---|---|
| ০১ | জনাব এ কে এম সোহেল, অতিরিক্ত সচিব ও অনুবিভাগ প্রধান (এডিবি), অর্থনৈতিক সম্পর্ক বিভাগ | দলনেতা |
| ০২ | জনাব সৈয়দ আশরাফুজ্জামান, যুগ্মসচিব, অনুবিভাগ প্রধান (অতিরিক্ত দায়িত্ব), ফাবা ও আইসিটি | সদস্য |
| ০৩ | জনাব মীর আব্দুল আউয়াল আল মেহেদী, যুগ্মসচিব, এডিবি-২ অধিশাখা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ | " |
| ০৪ | জনাব মো: ছোহরাব আলী, অতিরিক্ত প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর | " |
| ০৫ | জনাব আবু সালেহ মোহাম্মদ ওবায়দুল্লাহ, শরনার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনার, কক্সবাজার | " |
| ০৬ | জনাব এস. এম. তারিক, পরিচালক (যুগ্মসচিব), বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ | " |
| ০৭ | জনাব আব্দুল্লাহ আরিফ মোহাম্মদ, উপসচিব, এডিবি-৩, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ | " |
| ০৮ | জনাব ফরিদ আহমেদ, উপসচিব, অর্থ বিভাগ | " |
| ০৯ | জনাব ইবাদত হোসেন, উপসচিব, স্থানীয় সরকার বিভাগ | " |
| ১০ | জনাব মাসুমা জামান, উপসচিব (ড্রাফটিং), লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ | " |
| ১১ | জনাব দেবোত্তম সান্যাল, উপপ্রধান, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন | " |
| ১২ | জনাব দিলরুবা আহমেদ, উপপ্রধান, কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন | " |
| ১৩ | জনাব সাইফুল হক, দ্বিতীয় সচিব, জাতীয় রাজস্ব বোর্ড | " |
| ১৪ | জনাব মোহাম্মদ গোলাম মুক্তাদির, নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | " |

২। বাংলাদেশ প্রতিনিধি দলের সকল সদস্য যথাসময়ে উক্ত Loan Negotiation-এ অংশগ্রহণ করবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আব্দুল্লাহ আরিফ মোহাম্মদ**
উপসচিব।

**ধর্ম বিষয়ক মন্ত্রণালয়**
**সংস্থা-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ৩১ বৈশাখ ১৪৩২/১৪ মে ২০২৫

নং **১৬.০০.০০০০.০০৪.৯৯.০০২.২৪.১২৮**—ইসলামিক ফাউন্ডেশনের ০৬ এপ্রিল ২০২৫ খ্রি. তারিখের ১৬.০১.০০০০. ০০১. ২৬.০৩৩.২০ (ভলি-১)-৩১৩৬ সংখ্যক স্মারক এবং ইসলামিক ফাউন্ডেশনের বোর্ড অব গভর্নরস-এর গত ১১-০২-২০২৫ খ্রি. তারিখ অনুষ্ঠিত ২২৮তম সভার ৭৩৭/২০২৫/২২৮ নম্বর সিদ্ধান্ত মোতাবেক ইসলামিক ফাউন্ডেশনের অনিয়ম ও দুর্নীতি তদন্তের লক্ষ্যে নিম্নরূপ একটি কমিটি গঠন করা হলো :

| | |
|---|---|
| | **আহ্বায়ক** |
| ১. | সৈয়দ মোহাম্মদ দস্তগীর, অবসরপ্রাপ্ত বিচারপতি, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রিম কোর্ট, ঢাকা |
| | **সদস্য** |
| ২. | জনাব মোঃ সাখাওয়াত হোসেন, অতিরিক্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় |
| | **সদস্য-সচিব** |
| ৩. | সচিব, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা |

**কর্মপরিধি :**

(ক) কমিটি আগামী ৩১ জুলাই ২০২৫ খ্রি. তারিখের মধ্যে বিগত সরকারের আমলে ইসলামিক ফাউন্ডেশনের যে সকল অনিয়ম ও দুর্নীতি সংঘটিত হয়েছে এতদবিষয়ে তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করবে;

(খ) কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে;

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবদুল্লা-আল-শাহীন**
উপসচিব।

**পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়**
**পরিষদ-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ৬ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ/২০ মে ২০২৫ খ্রিষ্টাব্দ

নং **২৯.০০.০০০০.০০০.২১৫.৩১.০০০৩.১৫-১৪৯**—পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ আইন, ১৯৯৮ সনের ১২ নম্বর আইনের ১৫ (ঙ) ধারা মোতাবেক পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ এর সদস্য জনাব স্নেহকুমার চাকমা, পিতা-মুকুন্দ লাল চাকমা, মাতা-প্রমিলা চাকমা, সাং- রূপকারী, থানা- বাঘাইছড়ি, রাঙ্গামাটি জেলা এর মৃত্যু জনিত কারণে ১৭-০৪-২০২৫ খ্রিঃ তারিখ হতে পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদের সদস্য পদটি শূন্য ঘোষণা করা হলো।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঙ্গাল চন্দ্র পাল**
উপসচিব।

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ**
**প্রশাসন শাখা-২**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৬ জ্যৈষ্ঠ ১৪৩২/২০ মে ২০২৫

নং **৪৭.০০.০০০০.০৩২.০৬.০১৪.২৫.২২৬**—বাংলাদেশ পুলিশ কো-অপারেটিভ সোসাইটি লিমিটেড (পলওয়েল) এর বর্তমান ব্যবস্থাপনা কমিটি কর্তৃক সমিতির কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের নিমিত্ত সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত-২০০২ ও ২০১৩) এর ধারা-৪ মোতাবেক একই আইনের ১৮(৫) ধারা হতে অব্যাহতি প্রদানপূর্বক বর্তমান ব্যবস্থাপনা কমিটির মেয়াদ উত্তীর্ণের তারিখ হতে ০৬ (ছয়) মাস বৃদ্ধি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আমীনুল ইসলাম**
সিনিয়র সহকারী সচিব।

**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**
**মজুরী বোর্ড শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৬ জ্যৈষ্ঠ, ১৪৩২/২০ মে, ২০২৫

নং **৪০.০০.০০০০.০১৬.৩৬.০০৮.২৫-৫৪**—নং ৪০.০০.০০০০. ০১৬.৩২.০৫৯.১৭-৬৮, তারিখঃ ১৯ মার্চ, ২০২৩ মোতাবেক বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২নং আইন) এর ধারা ১৩৮ উপ-ধারা (৪) এর প্রদত্ত ক্ষমতাবলে জনাব মোহাম্মদ জাহাঙ্গীর কবীর (জাতীয় পরিচয়পত্র নম্বর : ৪১৭১০৮২৫০৮), যুগ্মসচিব, সদস্য (ট্রাফিক), বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ, ঢাকা। স্থায়ী ঠিকানাঃ গ্রাম/রাস্তাঃ খামারপাড়া, ডাকঘর : লক্ষণপুর-৭৪৩০, শার্শা, যশোর। বর্তমান ঠিকানা : বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ, এফ-১৯/এ, শেরে বাংলানগর, আগারগাঁও, ঢাকা-১২০৭, মোবাইল :০১৭১৫১৬৭৮৮৬-কে “বাংলাদেশ স্থল বন্দর” শিল্প সেক্টরের মালিক পক্ষের প্রতিনিধি হিসেবে নিম্নতম মজুরী বোর্ড অতঃপর উক্ত বোর্ড বলিয়া উল্লিখিত, এর সদস্য নিয়োগ করা হয়; এবং

যেহেতু, পরবর্তীতে গত ২৯-০৫-২০২৪ তারিখের বাংলাদেশ জনপ্রশাসন মন্ত্রণালয়ের উনি-২ শাখার প্রজ্ঞাপন মোতাবেক ৩১-০৫-২০২৩ তারিখে তিনি অবসর-উত্তর (পি.আর.এল) গমন করেন;

সেহেতু, উক্ত বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর ১২৩ বিধান এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার “বাংলাদেশ স্থল বন্দর” শিল্প সেক্টরে উক্ত বোর্ডের মালিক পক্ষের প্রতিনিধি জনাব মোহাম্মদ জাহাঙ্গীর কবীর এর আসন এতদ্বারা শূন্য ঘোষণা করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নিলুফার ইয়াসমিন**
উপসচিব।

**সংস্থাপন-২**

**প্রজ্ঞাপন**

তারিখ : ৩০ চৈত্র ১৪৩২/১৩ এপ্রিল ২০২৫

নং **৪০.০০.০০০০.০৪১.৩৮.১১৬.২১-১১২**—জনাব ছারা সুলতানা, উপপরিচালক, শিল্প সম্পর্ক শিক্ষায়তন, টঙ্গী, গাজীপুরকে বিভাগীয় শ্রম দপ্তর ঢাকায় কর্মরত থাকাকালীন তার বিরুদ্ধে গার্মেন্টস শ্রমিক, ঐক্যলীগ এর পক্ষে জনৈক মোঃ বাবুল আক্তার বিগত ০৩ বছরে শ্রম আইন লঙ্ঘন করে শ্রমিক ইউনিয়নের ১০০টি নথি প্রত্যাখ্যান করে অবৈধভাবে ০৩ (তিন) কোটি টাকা ঘুষ গ্রহণের অভিযোগে অভিযুক্ত করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮-এর বিধি ২ (খ) অনুযায়ী বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য গত ০৫-১২-২০২৪ তারিখে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয়। আত্মপক্ষ সমর্থনে তিনি ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণের ইচ্ছা পোষণ করেন কি না, তা নির্ধারিত সময়ের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হয়; এবং

২। যেহেতু, তিনি নির্ধারিত সময়ের মধ্যে লিখিত জবাব দাখিল করেন এবং ১০-০৪-২০২৫ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। শুনানিকালে বিভাগীয় মামলার অভিযোগ, তদন্ত প্রতিবেদন, দাখিলকৃত জবাব, তথ্য-প্রমাণ ও প্রাসঙ্গিক বিষয়সমূহ পর্যালোচনায় শ্রম আইন লঙ্ঘন করে শ্রমিক ইউনিয়নের ১০০টি নথি প্রত্যাখ্যান করে অবৈধভাবে ০৩ (তিন) কোটি টাকা ঘুষ গ্রহণের অভিযোগের সত্যতা পাওয়া যায়নি। নথি নিষ্পত্তির ক্ষেত্রে আইন, বিধি, SOP ও প্রধান কার্যালয়ের উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমতি এবং শ্রম আইন, ২০০৬ এর সকল ধারা/বিধি মান্য করেই আইনসম্মতভাবে কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। জনাব ছারা সুলতানা উপপরিচালক, শিল্প সম্পর্ক শিক্ষায়তন, টঙ্গী, গাজীপুর এর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত না হওয়ায় তিনি অব্যাহতি পাওয়ার যোগ্য;

৩। সেহেতু, ছারা সুলতানা উপপরিচালক, শিল্প সম্পর্ক শিক্ষায়তন, টঙ্গী, গাজীপুর এর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত না হওয়ায় বিভাগীয় মামলার দায় হতে তাকে অব্যাহতি প্রদান করা হলো।

৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এ এইচ এম সফিকুজ্জামান**
সচিব।

**প্রতিরক্ষা মন্ত্রণালয়**
**ডি-৬ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৩ জ্যৈষ্ঠ ১৪৩২/১৭ মে ২০২৫

নং **২৩.০০.০০০০.০৬০.১১.০১৪.১৯.২৭৫**—বাংলাদেশ নৌবাহিনীর লেঃ কে এস এম ইনতিসার ইনজামাম, (এস), বিএন (পি নং ৩৬০৫)- কে নৌ অধ্যাদেশ, ১৯৬১ এর ধারা ১৭(১) এবং নৌ প্রবিধান, ১৯৬১ এর অনুচ্ছেদ ০৮০১(এফ) ও ০৮০৭(সি) মোতাবেক প্রশাসনিক আদেশে নৌবাহিনীর চাকরি থেকে বরখাস্ত (Dismissal from Service) করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এম. জে. আরিফ বেগ**
উপসচিব।

---

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**জননিরাপত্তা বিভাগ**
**পুলিশ-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ৮ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ/২২ মে ২০২৫ খ্রিষ্টাব্দ

নং **৪৪.০০.০০০০.০০০.০৯৪.২৭.০০২৬.২১.৪৬১**—যেহেতু, জনাব রাজন কুমার সাহা (বিপি-৯১১৮২২০৫৬৮), সহকারী পুলিশ সুপার, র‌্যাব-৫, রাজশাহী' কে ICT-BD Misc Case No. 07 of 2025 ধারা The International Crimes (Tribunals) Act, 1973 এর 3 অনুযায়ী গ্রেফতারি পরোয়ানামূলে গ্রেফতারপূর্বক গত ১২-০২-২০২৫ তারিখ বিজ্ঞ আর্ন্তজাতিক অপরাধ ট্রাইব্যুনালে সোপর্দ করা হয়,

সেহেতু, জনাব রাজন কুমার সাহা-কে সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সালের ৫৭ নং আইন) এর ৩৯ (২) ধারার বিধান অনুযায়ী ১২-০২-২০২৫ তারিখ থেকে সরকারি চাকরি হতে সাময়িক বরখাস্ত করা হলো;

সাময়িক বরখাস্তকালীন তিনি রেঞ্জ ডিআইজির কার্যালয়, রাজশাহীতে সংযুক্ত থাকবেন এবং বিধি অনুযায়ী খোরপোষ ভাতা প্রাপ্য হবেন;

জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নাসিমুল গনি**
সিনিয়র সচিব।